# 01 한글 익히기 I

হান্গল শেখা ১

## 1 한글 소개 হান্গল পরিচিতি

K-1

জোসন আমলের মহারাজ সেজোং ১৪৪৩খৃস্টাব্দে হান্গল্ আবিষ্কার করেন। তার আগে কোরিয়ান ভাষাকে লিখে প্রকাশ করার সময় হাঞ্চা নামক চীনা বর্ণমালা ব্যবহার করা হয়েছে। কিন্তু এই হাঞ্চাটা অশিক্ষিত সাধারণ নাগরিকদের কাছে খুবই দুর্বোধ্য ছিল। তাই মহারাজ সেজোং হান্গল্ আবিষ্কার করেছেন যা সাধারণ নাগরিকরাও সহজে ব্যবহার করতে পারে।

**(1)** স্বরবর্ণগুলো এভাবে বানিয়েছেন।




| | |
|---|---|
| • | আকাশ |
| ㅡ | ভূমি |
| ㅣ | মানুষ |

| | |
|---|---|
| ㅣ+ • = | ㅏ [a] |
| ㅣ + • • = | ㅑ [ja] |
| • + ㅡ = | ㅗ [o] |
| • • + ㅡ = | ㅛ [jo] |

আকাশ( • ), ভূমি(ㅡ), মানুষ(ㅣ) এর আকৃতি নকলকরে বানানো ৩টি মৌলিক স্বরবর্ণকে ভিত্তিকরে ‘ㅏ, ㅑ, ㅓ, ㅕ, ㅗ, ㅛ, ㅜ, ㅠ’ বানিয়েছেন। বাকি স্বরবর্ণগুলোও মৌলিক স্বরবর্ণগুলোকে সংযোজন করে বানিয়েছেন।

**(2)** ব্যঞ্জনবর্ণগুলো এভাবে বানিয়েছেন।



ধ্বনিটি উচ্চারণের সময় ব্যবহৃত বাকযন্ত্রের আকৃতিকে নকল করে মৌলিক বর্ণমালা ‘ㄱ, ㄴ, ㅁ, ㅅ, ㅇ’ বানিয়েছেন।

| | |
|---|---|
| ㄱ [k/g] | → ㅋ [kʰ] |
| ㄷ [t/d] | → ㅌ [tʰ] |
| ㅂ [p/b] | → ㅍ [pʰ] |
| ㅈ [ʧ/ʤ] | → ㅊ [ʧʰ] |

বাতাসের তীব্রতাসম্পন্ন ধ্বনি অর্থাৎ মহাপ্রাণ ধ্বনিকে প্রকাশ করার জন্য মৌলিক বর্ণের সাথে একটি স্ট্রোক যুক্ত করে ㅋ, ㅌ, ㅍ, ㅊ বানিয়েছে।

| | | |
|---|---|---|
| ㄱ [k/g] | → ㄲ [k´] | টেন্স সাউন্ড বা টানটানভাবের ধ্বনিকে প্রকাশ করার জন্য একটি মৌলিক বর্ণের সাথে একই বর্ণ আরেকটি যুক্ত করে ㄲ, ㄸ, ㅃ, ㅆ, ㅉ বানিয়েছেন। |
| ㄷ [t/d] | → ㄸ [t´] | |
| ㅂ [p/b] | → ㅃ [p´] | |
| ㅅ [s] | → ㅆ [s´] | |
| ㅈ [ʧ/ʤ] | → ㅉ [ʧ´] | |

**(3)** সিলেবল বা অক্ষর এভাবে লেখা যায়।

স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ মিশিয়ে একটি সিলেবল তৈরি করা হয়। কোরিয়ান ভাষার সিলেবল'এ সবসময় স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ থাকতে হয়। স্বরবর্ণের সামনে ব্যঞ্জনবর্ণ না থাকলে সবসময় 'ㅇ' বসাতে হয়, তখন এই বর্ণটিকে জিরো বলা হয়। ব্যঞ্জনবর্ণ 'ㅇ' স্বরবর্ণের সামনে বসলে সেটি উচ্চারিত হয় না, এর কোনো সাউন্ড ভ্যালু থাকে না। স্বরবর্ণের পরে 'ㅇ' থাকলে শুধু সেটি উচ্চারিত হয়। একটি সিলেবল'এ ব্যঞ্জনবর্ণ ও স্বরবর্ণ আলাদা আলাদা বসতে পারে না। সিলেবল'র শুরু এবং শেষে শুধু ব্যঞ্জনবর্ণ বসতে পারে।

| | | | |
|---|---|---|---|
| ① | ব্যঞ্জনবর্ণ+স্বরবর্ণ(উল্লম্ব) | CV | 나 |
| | ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ(আনুভূমিক) | C V | 노 |
| ② | ('ㅇ'উচ্চারণ করা হয় না) ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ(উল্লম্ব) | CV | 아 |
| | ('ㅇ'উচ্চারণ করা হয় না) ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ(আনুভূমিক) | C V | 오 |
| ③ | ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ(উল্লম্ব) + ব্যঞ্জনবর্ণ(নীচে) | CV C | 밥 |
| | ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ(আনুভূমিক) + ব্যঞ্জনবর্ণ(নীচে) | C V C | 문 |
| ④ | ('ㅇ' উচ্চারণ করা হয় না) ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ(উল্লম্ব) + ব্যঞ্জনবর্ণ(নীচে) | CV C | 안 |
| | ('ㅇ' উচ্চারণ করা হয় না) ব্যঞ্জনবর্ণ + স্বরবর্ণ(আনুভূমিক) + ব্যঞ্জনবর্ণ(নীচে) | C V C | 웅 |

## 2 모음 1 স্বরবর্ণ১











K-2

কোরিয়ান ভাষায় মোট ২১টি স্বরবর্ণ আছে। স্বরবর্ণগুলোর মধ্যে কিছু উল্লম্ব স্বরবর্ণ (ㅣ, ㅏ, ㅑ, ㅓ, ㅕ) এবং কিছু আনুভূমিক স্বরবর্ণ (ㅡ, ㅗ, ㅛ, ㅜ, ㅠ) আছে ।

### 1. স্বরবর্ণের উচ্চারণ





আসুন এখন স্বরবর্ণের উচ্চারণ শিখি। প্রথমে একটি আয়না নিন। স্বরধ্বনি শুনে আয়না দেখে চিত্রে প্রদর্শিত গালের আকৃতির মত করে ধ্বনিটি একসাথে উচ্চারণ করুন। উল্লম্ব স্বরবর্ণ ও আনুভূমিক স্বরবর্ণকে আলাদা করে অনুশীলন করব।

| উল্লম্ব স্বরবর্ণ | | আনুভূমিক স্বরবর্ণ | |
|---|---|---|---|
| ㅣ [i] |  | ㅡ [ɨ] |  |
| ㅏ [a] |  | ㅗ [o] |  |
| ㅑ [ja] |  [i] + [a] | ㅛ [jo] |  [i] + [o] |
| ㅓ [ʌ] |  | ㅜ [u] |  |
| ㅕ [jʌ] |  [i] + [ʌ] | ㅠ [ju] |  [i] + [u] |





আসুন আর একবার অনুশীলন করি।



**(1)** ‘ㅏ’ উচ্চারণ করে দেখুন, ‘ㅓ’উচ্চারণ করে দেখুন। ‘ㅏ’এবং‘ㅓ’ উচ্চারণের সময় মুখের আকৃতি যে ভিন্ন সেটা দেখেছেনতো? মুখ বড় করে ‘ㅏ’ উচ্চারণ করার পর মুখ একটু ছোট করে ‘ㅓ’উচ্চারণ করে দেখুন। মুখের আকৃতির দিকে লক্ষ্য রেখে ‘ㅏ’ এবং ‘ㅓ’ পালাক্রমে কয়েকবার উচ্চারণ করে দেখুন।

| | | | |
|---|---|---|---|
| ㅏ [a] |  | ㅓ [ʌ] |  |

**(2)** ‘ㅜ’ উচ্চারণ করে দেখুন, ‘ㅗ’ উচ্চারণ করে দেখুন। ‘ㅜ’এবং ‘ㅗ’ উচ্চারণের সময় মুখের আকৃতি যে ভিন্ন সেটা দেখেছেনতো? ‘ㅜ’ উচ্চারণের সময় ঠোঁট গোলকরে সামনের দিকে প্রাসারিত করে, ‘ㅗ’ উচ্চারণের সময় ঠোঁট গোলরাখা অবস্থায় মুখ সামান্য খুলতে হয়। মুখের আকৃতির দিকে লক্ষ্য রেখে ‘ㅜ’ এবং ‘ㅗ’ পালাক্রমে কয়েকবার উচ্চারণ করে দেখুন।

| | | | |
|---|---|---|---|
| ㅜ [u] |  | ㅗ [o] |  |

**(3)** ‘ㅣ’ উচ্চারণ করে দেখুন। ‘ㅡ’ উচ্চারণ করে দেখুন। ‘ㅣ’ এবং ‘ㅡ’ উচ্চারণের সময় মুখের আকৃতি যে ভিন্ন সেটা দেখেছেনতো? ‘ㅣ’ উচ্চারণের সময় জিহবাটি ‘ㅡ’ উচ্চারণের সময়ের তুলনায় আরো সামনে আসে। ‘ㅡ’ উচ্চারণের সময় জিহবা সামনের দিকে ঠেলার দরকার হয় না, ঠোঁট ও গোল করার দরকার হয় না, এবং মুখও বেশি হা করার দরকার হয় না। স্বাভাবিক অবস্থায় বাতাস বের হতে পারে শুধু এতটুকু মুখ খুলে উচ্চারণ করে দেখুন। মুখের আকৃতির দিকে লক্ষ্য রেখে ‘ㅣ’ এবং ‘ㅡ’ পালাক্রমে উচ্চারণ করে দেখুন।



| | | | |
|---|---|---|---|
| ㅣ [i] |  | ㅡ [ɨ] |  |



এখন আসুন দুটি স্বরবর্ণ যুক্ত হয়ে সৃষ্টি হওয়া দ্বৈত স্বরবর্ণ অনুশীলন করি। উল্লম্ব স্বরবর্ণের মাঝে 'ㅑ, ㅕ' এর মত দুটি খাট আনুভূমিক রেখা সম্বলিত স্বরবর্ণ এবং আনুভূমিক স্বরবর্ণের মাঝে 'ㅛ, ㅠ' এর মত দুটি খাট উল্লম্ব রেখা সম্বলিত স্বরবর্ণই হলো দ্বৈত স্বরবর্ণ।



**(1)** 'ㅑ' উচ্চারণ করে দেখুন, 'ㅕ' উচ্চারণ করে দেখুন

'ㅑ' উচ্চারণ করার সময় 'ㅣ' কে হ্রস্ব করে, 'ㅏ' কে দীর্ঘ করে উচ্চারণ করুন। 'ㅕ' উচ্চারণ করার সময় 'ㅣ' কে হ্রস্ব করে, 'ㅓ' কে দীর্ঘ করে উচ্চারণ করুন। এসময় দুটি স্বরবর্ণকে সমপরিমাণ টান দিয়ে উচ্চারণ করলে চলবে না।

| | | | |
|---|---|---|---|
| ㅑ<br>[ja] | <br>[i] + [a] | ㅕ<br>[jʌ] | <br>[i] + [ʌ] |



**(2)** 'ㅛ' উচ্চারণ করে দেখুন, 'ㅠ' উচ্চারণ করে দেখুন

'ㅛ' উচ্চারণ করার সময় 'ㅣ' কে হ্রস্ব করে, 'ㅗ' কে দীর্ঘ করে উচ্চারণ করুন। 'ㅠ' উচ্চারণ করার সময় 'ㅣ' কে হ্রস্ব করে, 'ㅜ' কে দীর্ঘ করে উচ্চারণ করুন। এসময় দুটি স্বরবর্ণকে সমপরিমাণ টান দিয়ে উচ্চারণ করলে চলবে না।

| | | | |
|---|---|---|---|
| ㅛ<br>[jo] | <br>[i] + [o] | ㅠ<br>[ju] | <br>[i] + [u] |

## 2. স্বরবর্ণ লিখন

তাহলে স্বরবর্ণ কীভাবে লিখব? উল্লম্ব রেখা টানার সময় উপর থেকে নিচের দিকে, আনুভূমিক রেখা টানার সময় বাম থেকে ডানে টানতে হয়।

| উল্লম্ব স্বরবর্ণ | | | আনুভূমিক স্বরবর্ণ | | |
|---|---|---|---|---|---|
| ㅣ<br>[i] | <br>(○) | <br>(X) | ㅡ<br>[ɨ] | <br>(○) | <br>(X) |



তাহলে, আসুন একবার লিখে দেখি। 'দাঁড়ানো মানুষ' কে প্রমিত আকৃতি হিসেবে ধরে তৈরি করা উল্লম্ব স্বরবর্ণের উল্লম্ব রেখাকে দীর্ঘ করে এঁকে, আনুভূমিক রেখাকে হ্রস্ব করে আঁকতে হবে। 'সমতল ভূমি' কে প্রমিত আকৃতি হিসেবে ধরে তৈরি করা আনুভূমিক স্বরবর্ণের আনুভূমিক রেখাকে দীর্ঘ করে এঁকে, উল্লম্ব রেখাকে হ্রস্ব করে আঁকতে হবে। স্বরধ্বনি শুনে  উচ্চারণ করতে করতে লিখুন।

| স্বরবর্ণ | ক্রম | এখানে লিখুন | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ㅣ [i] | ㅣ ① | | | | | | |
| ㅏ [a] | ㅏ ① ② | | | | | | |
| ㅑ [ja] | ㅑ ① ② ③ | | | | | | |
| ㅓ [ʌ] | ㅓ ① ② | | | | | | |
| ㅕ [jʌ] | ㅕ ① ② ③ | | | | | | |
| ㅡ [ɨ] | ㅡ ① | | | | | | |
| ㅗ [o] | ㅗ ① ② | | | | | | |
| ㅛ [jo] | ㅛ ① ② ③ | | | | | | |
| ㅜ [u] | ㅜ ① ② | | | | | | |
| ㅠ [ju] | ㅠ ① ② ③ | | | | | | |



সব লিখেছেন? এবার  আর একবার স্বরধ্বনি শুনে উচ্চারণ করুন।

অক্ষর হতে হলে ব্যঞ্জনবর্ণ ও স্বরবর্ণ একসাথ হতে হয়। তাই প্রথম ব্যঞ্জনবর্ণ না থাকলে ধ্বনিহীন ‘ㅇ’ কে বসাতে হয়। উল্লম্ব স্বরবর্ণে ‘ㅇ’ কে বামদিকে লিখে, এবং আনুভূমিক স্বরবর্ণে ‘ㅇ’ কে উপরে লিখে।

| | | |
|---|---|---|
| ㅇ | ㅏ | [a] |

| | |
|---|---|
| ㅇ<br>ㅗ | [o] |



শুনে উচ্চারণ করতে করতে লিখুন।

| স্বরবর্ণ | উচ্চারণ | এখানে লিখুন | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ㅣ | [i] | 이 | 이 | 이 | | | |
| ㅏ | [a] | 아 | 아 | 아 | | | |
| ㅑ | [ja] | 야 | 야 | 야 | | | |
| ㅓ | [ʌ] | 어 | 어 | 어 | | | |
| ㅕ | [jʌ] | 여 | 여 | 여 | | | |
| ㅡ | [ɨ] | 으 | 으 | 으 | | | |
| ㅗ | [o] | 오 | 오 | 오 | | | |
| ㅛ | [jo] | 요 | 요 | 요 | | | |
| ㅜ | [u] | 우 | 우 | 우 | | | |
| ㅠ | [ju] | 유 | 유 | 유 | | | |

## 연습 অনুশীলন

1. নিম্নের স্বরবর্ণ গুলো একটি করে উচ্চারণ করে দেখুন। সব গুলো করেছেন? তাহলে সিডি শুনে চেক করে দেখুন আপনার উচ্চারণ সঠিক হয়েছে কিনা। যেটি ভুল হয়েছে সেটিকে আর একবার মনোযোগ দিয়ে শুনে উচ্চারণ করুন।

(1) 아 어 오 우 으　　(2) 오 아 어 우 이
(3) 야 여 요 유　　(4) 요 야 여 유

2. শুনে সঠিকটি বেছে নিন।

(1) 아 오　　(2) 우 으　　(3) 어 오
(4) 야 아　　(5) 오 요　　(6) 여 유


3. শুনে ক্রমানুসারে অক্ষরগুলোকে সংযুক্ত করুন।

| | |
|---|---|
| 이 • | • 우 |
| 아 • | • 여 |
| 으 • | |

কিসের ছবি হলো?

정답 2. (1) 아 (2) 우 (3) 오 (4) 야 (5) 요 (6) 유 3. ☆

4. ভাল করে শুনে, যেটা শুনেছেন সেটা হান্গল্ দিয়ে লিখে দেখুন।

| | | | | |
|---|---|---|---|---|
| (1) 2 | | | | |
| (2) 5 | | | | |
| (3)  | | | | |
| (4)  | | | | |
| (5)  | | | | |
| (6)  | | | | |



সবগুলো লিখেছেন? এর পর উচ্চারণ করতে করতে তিন বার লিখে দেখুন।

정답 (1) 이 (2) 오 (3) 아이 (4) 오이 (5) 우유 (6) 여우

## 3 모음 2 স্বরবর্ণ২

K-3



আসুন এবার অন্য স্বরবর্ণগুলো শিখি। সিডি শুনে উচ্চারণ করে দেখুন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ㅐ [ɛ] | ㅏ + ㅣ | ㅘ [wa] | ㅗ + ㅏ | ㅚ [ø/we] | ㅗ + ㅣ |
| ㅔ [e] | ㅓ + ㅣ | ㅝ [wʌ] | ㅜ + ㅓ | ㅙ [wɛ] | ㅗ + ㅐ |
| ㅒ [jɛ] | ㅑ + ㅣ | ㅟ [y/wi] | ㅜ + ㅣ | ㅞ [we] | ㅜ + ㅔ |
| ㅖ [je] | ㅕ + ㅣ | ㅢ [ɨi] | ㅡ + ㅣ | | |

উল্লম্ব স্বরবর্ণের মাঝে 'ㅒ, ㅖ' এর মত দুটি হ্রস্ব আনুভূমিক রেখা সম্বলিত স্বরবর্ণ এবং 'ㅘ, ㅝ' এর মত আনুভূমিক স্বরবর্ণ ও উল্লম্ব স্বরবর্ণ জোড়া লেগে থাকা স্বরবর্ণ হলো দ্বৈত স্বরবর্ণ।



আসুন আর একটু অনুশীলন করি।

**(1)** 'ㅐ' এবং 'ㅔ' উচ্চারণ করে দেখুন। প্রায় একই তাই না?

এ দুটি স্বরবর্ণের উচ্চারণ মূলত ভিন্ন ছিল, তবে ইদানিং প্রায় একই উচ্চারণ করে। এ দুটি স্বরবর্ণের উচ্চারণের পার্থক্য করা কঠিন। তবে পার্থক্য করতে পারি না বলে চিন্তার কিছু নাই। অনেক কোরিয়ানও ভাল করে পৃথক উচ্চারণ করতে পারে না।

| | |
|---|---|
| ㅐ [ɛ] | ㅔ [e] |

**(2)** 'ㅒ'এবং 'ㅖ' উচ্চারণ করে দেখুন।

দুটি স্বরবর্ণই উল্লম্ব স্বরবর্ণ এবং দুটি হ্রস্ব আনুভূমিক রেখা সম্বলিত দ্বৈত স্বরবর্ণ। এ দুটি স্বরবর্ণের উচ্চারণও প্রায় একই। এ দুটি স্বরবর্ণের উচ্চারণের পার্থক্য করা কঠিন। তবে পার্থক্য করতে পারি না বলে চিন্তার কিছু নাই। উপরোল্লিখিত 'ㅒ, ㅖ' এর মত অনেক কোরিয়ানও ভাল করে পৃথক উচ্চারণ করতে পারে না।

| | |
|---|---|
| ㅒ<br>[jɛ] | ㅖ<br>[je] |

**(3)** 'ㅚ'এবং 'ㅙ', 'ㅞ' উচ্চারণ করে দেখুন। এ তিনটি স্বরবর্ণের উচ্চারণও প্রায় একই। এবং আনুভূমিক স্বরবর্ণ ও উল্লম্ব স্বরবর্ণ একসাথ হওয়া দ্বৈত স্বরবর্ণ।

| | | |
|---|---|---|
| ㅚ<br>[we] | ㅙ<br>[wɛ] | ㅞ<br>[we] |

**(4)** 'ㅘ' উচ্চারণ করে দেখুন। 'ㅝ' উচ্চারণ করে দেখুন। পালাক্রমে উচ্চারণ করে দেখুন। দুটি স্বরবর্ণই আনুভূমিক স্বরবর্ণ ও উল্লম্ব স্বরবর্ণ একসাথ হওয়া দ্বৈত স্বরবর্ণ।

| | |
|---|---|
| ㅘ<br>[wa] | ㅝ<br>[wʌ] |

**(5)** 'ㅟ' এবং 'ㅚ' পালাক্রমে উচ্চারণ করে দেখুন। দুটি স্বরবর্ণই আনুভূমিক স্বরবর্ণ ও উল্লম্ব স্বরবর্ণ একসাথ হওয়া দ্বৈত স্বরবর্ণ।

| | |
|---|---|
| ㅟ<br>[y/wi] | ㅚ<br>[ø/we] |

**(6)** 'ㅢ' আর একবার উচ্চারণ করে দেখুন। 'ㅡ' কে হ্রস্ব উচ্চারণ করে তাড়াতাড়ি 'ㅣ' কে একটু আওয়াজ করে উচ্চারণ করে দেখুন। এটি আনুভূমিক স্বরবর্ণ ও উল্লম্ব স্বরবর্ণ একসাথ হওয়া দ্বৈত স্বরবর্ণ।

| |
|---|
| ㅢ<br>[ɨi] |



আসুন একবার লিখে দেখি। সিডি শুনে উচ্চারণ করতে করতে লিখুন।

| স্বরবর্ণ | ক্রম | এখানে লিখুন | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ㅐ [ɛ] | ①ㅐ③ ② | | | | | | |
| ㅔ [e] | ①ㅔ②③ | | | | | | |
| ㅒ [jɛ] | ①ㅒ④ ②③ | | | | | | |
| ㅖ [je] | ①②ㅖ③④ | | | | | | |
| ㅘ [wa] | ①②ㅘ③④ | | | | | | |
| ㅝ [wʌ] | ①②③ㅝ④ | | | | | | |
| ㅟ [y/wi] | ①②ㅟ③ | | | | | | |
| ㅚ [ø/we] | ①②ㅚ③ | | | | | | |
| ㅙ [wɛ] | ①②ㅙ③④⑤ | | | | | | |
| ㅞ [we] | ①②③ㅞ④⑤ | | | | | | |
| ㅢ [ɨi] | ①ㅢ② | | | | | | |



সবগুলো লিখেছেন? এবার আর একবার স্বরধ্বনি শুনে উচ্চারণ করুন।



সাবধান, ‘O’ চিহ্নতি গুলো সঠিক, ‘X’ চিহ্নিত গুলো ভুল লিখন পদ্ধতি।

| | | | |
|---|---|---|---|
| ㅘ (○) | ㅝ (○) | ㅟ (○) | ㅞ (○) |
| ㅗㅓ (X) | ㅜㅏ (X) | ㅣㅜ (X) | ㅜㅔ (X) |



অক্ষর হতে হলে ব্যঞ্জনবর্ণ ও স্বরবর্ণ একসাথ হতে হয়। তাই প্রথম ব্যঞ্জনবর্ণ না থাকলে ধ্বনিহীন 'ㅇ' কে বসাতে হয়। উল্লম্ব স্বরবর্ণে 'ㅇ' কে বামদিকে লিখে, এবং আনুভূমিক স্বরবর্ণে 'ㅇ' কে উপরে লিখে।



শুনে উচ্চারণ করতে করতে 'ㅇ' এর সাথে দ্বৈত স্বরবর্ণ লিখে দেখুন।

| স্বরবর্ণ | উচ্চারণ | এখানে লিখুন | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ㅐ | [ɛ] | 애 | 애 | 애 | | | |
| ㅔ | [e] | 에 | 에 | 에 | | | |
| ㅒ | [jɛ] | 얘 | 얘 | 얘 | | | |
| ㅖ | [je] | 예 | 예 | 예 | | | |
| ㅘ | [wa] | 와 | 와 | 와 | | | |
| ㅝ | [wʌ] | 워 | 워 | 워 | | | |
| ㅟ | [y/wi] | 위 | 위 | 위 | | | |
| ㅚ | [ø/we] | 외 | 외 | 외 | | | |
| ㅙ | [wɛ] | 왜 | 왜 | 왜 | | | |
| ㅞ | [we] | 웨 | 웨 | 웨 | | | |
| ㅢ | [ɨi] | 의 | 의 | 의 | | | |

## 연습 অনুশীলন

1. নিম্নের স্বরবর্ণ গুলো একটি করে উচ্চারণ করে দেখুন। সব গুলো করেছেন? তাহলে সিডি শুনে যেটির উচ্চারণ সঠিক হয়েছে সেটির পাশ্বে 'ㅇ' চিহ্ন দিন। যেটি ভুল হয়েছে সেটিকে আর একবার মনোযোগ দিয়ে শুনে উচ্চারণ করুন।

(1) 애 예 와 워　　(2) 위 의 와 웨
(3) 워 에 예 의　　(4) 왜 와 에 예

2. শুনে সঠিকটি বেছে নিন।

(1) 애 예　　(2) 웨 워
(3) 위 의　　(4) 와 왜

3. শুনে ক্রমানুসারে অক্ষরগুলোকে সংযুক্ত করুন।

| | | |
|---|---|---|
| 아이 | | 얘 |
| 와 | | 위 |
| 여우 | 에 | 의 |
| 왜 | 오이 | 우유 |

কিসের ছবি হলো?

정답 1. (1) 와 (2) 위 (3) 워 (4)예
2. (1) 애 (2) 웨 (3) 위 (4) 와
3. ☆ (위 → 여우 → 에 → 의 → 와 → 오이 → 위)

4. ভাল করে শুনে, যেটা শুনেছেন সেটা হান্গল্ দিয়ে লিখে দেখুন।

| | | | | |
|---|---|---|---|---|
| (1)  | | | | |
| (2)  | | | | |
| (3)  | | | | |
| (4)  | | | | |
| (5)  | | | | |
| (6)  | | | | |



সবগুলো লিখেছেন? এর পর উচ্চারণ করতে করতে আরো তিন বার লিখে দেখুন।

정답 (1) 예 (2) 와 (3) 왜 (4) 와요 (5) 위에 (6) 외워요